

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



www.mowca.gov.bd

স্মারক নং- ৩২.০০.০০০০.০৬১.২৫.০৩.২০২৩-২২

তারিখঃ ২০.০২.২০২৩ খ্রিঃ

বিষয়ঃ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের পত্র নং- ৩২.০০.০০০০.০১৮.২৫.০১৫.১৩.১৭, তারিখঃ ১১/০১/২০২৩

কর্মকর্তার নাম : তাসমিন ফারহানা
কর্মকর্তার পদবী : সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২)
স্থান : নড়াইল
তারিখ : ২০.০২.২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) তাসমিন ফারহানা কর্তৃক নড়াইল জেলাতে অবস্থিত উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল (পরিদর্শন) ই-মনিটরিং করা হয়। ই-মনিটরিং প্রতিবেদন নিম্নরূপঃ

১.০ গত ২০.০২.২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় নড়াইল জেলা সদরে অবস্থিত মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় ই-মনিটরিং করা। পরিদর্শনকালে জেলা কর্মকর্তাসহ অন্যান্য কর্মচারীগণকে উপস্থিত পাওয়া যায়।

২.০ এ কার্যালয়ে রাজস্ব বাজেটের অধীনে পরিচালিত মহিলাদের জীবিকায়নের জন্য দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রকল্পের অধীনে ৫টি বিষয়ে যথা (১) আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কার্যক্রম, (২) ফুড প্রসেসিং প্রশিক্ষণ কার্যক্রম, (৩) প্যাকেজিং প্রশিক্ষণ কার্যক্রম, (৪) ক্যানডেল মেকিং প্রশিক্ষণ কার্যক্রম এবং (৫) নার্সারী ও কিচেন গাডেনিং প্রশিক্ষণ কার্যক্রম মনিটর করা। তাদের নিয়মিত উপস্থিত থাকা এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে কাজে লাগানোর পরামর্শ দেয়া হলো।

৩.০ কিশোর-কিশোরী ক্লাব সংক্রান্ত কার্যক্রম বিষয়ে উপপরিচালক জানান যে, নড়াইল সদর উপজেলার ১৩টি ইউনিয়ন ও পৌরসভাতে ১৪টি ক্লাবের মধ্যে ১০টি ক্লাব সপ্তাহের শুরুর ও শনিবারে সকাল ১০.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত এবং ৪টি ক্লাব বিকাল ৩.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত ক্লাবের কিশোর-কিশোরীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ ক্লাবের ফিন্ড সুপারভাইজার রয়েছেন। তিনি নিয়মিত ক্লাব সমূহ পরিদর্শন করেন মর্মে জানান। এ ছাড়া ইউনিয়ন পরিষদের মেম্বার দ্বারা ক্লাব সমূহ মনিটরিং করা হয় বলেও জানা গেল।

৪.০ “উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ)” প্রকল্পের কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রামের প্রশিক্ষণ সংক্রান্তঃ কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রামে সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত ৩০ জন এবং বেলা ১.৩০ হতে ৪.৩০ পর্যন্ত ৩০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রকল্পের প্রশিক্ষক জানান, অত্র অঞ্চলের মেয়েরা কাজ শিখতে উৎসাহী। প্রশিক্ষণের পর তাদের সহজশর্তে ঋণ প্রদানের ব্যবস্থা করা প্রয়োজন যাতে তারা স্বাবলম্বী হতে পারে।

সুপারিশঃ

- ১) উপজেলা কার্যালয় সমূহ উপপরিচালকের কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করার সুপারিশ করা হলো।
- ২) হাজিরা খাতা, স্টক রেজিস্টার ও ক্যাশ রেজিস্টার সহ অন্যান্য রেজিস্টার হালনাগাদ করার বিষয়ে পরামর্শ দেয়া হলো।
- ৩) প্রশিক্ষণোত্তর প্রশিক্ষণার্থীদের স্বাবলম্বী হওয়ার ব্যাপারে সহযোগিতা করার পরামর্শ দেয়া হলো।



(তাসমিন ফারহানা)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ২২২৩৩৮৩৫০৫।

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল।
- ৭। সহকারী সচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।